

আয়-যুখরুফ | Az-Zukhruf | الْزُّخْرُفُ

আয়াতঃ ৪৩ : ৪২

আরবি মূল আয়াত:

﴿٤٢﴾ أَوْ نُرِيَّنَكَ الَّذِي وَعَدْنَاهُمْ فَإِنَّا عَلَيْهِمْ مُّقْتَدِرُونَ

Aর্থ অনুবাদসমূহ:

অথবা আমি তাদের যে শাস্তির ওয়াদা দিয়েছি তা যদি তোমাকে প্রত্যক্ষ করাই, তবে নিশ্চয় আমি তাদের উপর পূর্ণ ক্ষমতাবান থাকব। — আল-বায়ান

অথবা আমি তাদেরকে যে ‘আয়াবের ওয়াদা দিয়েছি তা যদি তোমাকে দেখিয়ে দেই (আমার পক্ষে সবই সম্ভব), কারণ তাদের উপর আমার পূর্ণ ক্ষমতা আছে। — তাইসির়ল

অথবা আমি তাদেরকে যে শাস্তির ভীতি প্রদর্শন করেছি যদি আমি তোমাকে তা প্রত্যক্ষ করাই তাহলে তাদের উপর আমার পূর্ণ ক্ষমতা রয়েছে। — মুজিবুর রহমান

Or whether [or not] We show you that which We have promised them, indeed, We are Perfect in Ability. — Sahih International

৪২. অথবা আমরা তাদেরকে যে শাস্তির ওয়াদা দিয়েছি, আপনাকে আমরা তা দেখাই, তবে নিশ্চয় তাদের উপর আমরা পূর্ণ ক্ষমতাবান।

-

তাফসীরে জাকারিয়া

(৪২) অথবা আমি ওদেরকে যে (শাস্তির) অঙ্গীকার করেছি, তোমাকে তা দেখিয়ে দেব।[১] নিশ্চয় ওদের উপর আমার পূর্ণ ক্ষমতা রয়েছে।[২]

[১] অর্থাৎ, তোমার মৃত্যুর পূর্বেই অথবা মুক্তাতেই তোমার বিদ্যমান থাকা অবস্থায় তাদের উপর আয়াব প্রেরণ করে।

[২] অর্থাৎ, আমার যখন ইচ্ছা তাদের উপর আয়াব প্রেরণ করতে পারি। কারণ, আমি তাদের উপর শক্তিশালী। সুতরাং রসূল (সা):-এর জীবন্দশায় বদরের যুদ্ধে কাফেররা শিক্ষামূলক পরাজয় এবং লাঝনার শিকার হয়।

তাফসীরে আহসানুল বায়ান

৬ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন